

“বঙ্গবন্ধুর দর্শন সম্বায়ে
উন্নয়ন”

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড
৫ কাওরানবাজার, ঢাকা-১২১৫
সমবায় শাখা ডেস্ক-১
www.brdb.gov.bd



স্মারক নম্বর: ৪৭.৬২.০০০০.৫০৭.১১.৪১২.১৯.৩০

তারিখ: ৮ শ্রাবণ ১৪২৭

২৩ জুলাই ২০২০

বিষয়: মানিকগঞ্জ জেলাধীন হরিরামপুর ইউসিসিএ লি. এর জনবল নিয়োগের অনুমোদন।

সূত্র: উপপরিচালক, মানিকগঞ্জ এর পত্র নং-৩৭৬, তারিখঃ ২৭/০৫/২০২০খ্রি.।

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড এর আওতাধীন মানিকগঞ্জ জেলার হরিরামপুর ইউসিসিএ লি. এর জনবল নিয়োগ প্রস্তাবের পরিপ্রেক্ষিতে বর্ণিত শর্তাধীনে মহাপরিচালক, বিআরডিবি কর্তৃক ০১ (এক) জন পরিদর্শক নিয়োগের অনুমোদন প্রদান করা হলোঃ

শর্তাবলী

- ১) নিয়োগকৃত কর্মচারী সংশ্লিষ্ট ইউসিসিএ'র কর্মচারী হিসেবে গণ্য হবেন এবং ইউসিসিএ'র কর্মচারীদের জন্য পরিদর্শক পদের নির্ধারিত বেতন স্কেলে (১৪তম গ্রেড) বিতরণকৃত ঋণের অর্জিত সেবামূল্য এবং ইতঃপূর্বে বিআরডিবি'র বিভিন্ন স্মারক মূলে নির্দেশিত অর্থ হতে নিয়োগকৃত কর্মচারীর বেতন-ভাতাদি পরিশোধ করতে হবে।
- ২) এ অনুমোদনের ফলে নিয়োগকৃত কর্মচারী, বিআরডিবি'র কর্মচারী হিসেবে ভবিষ্যতে রাজস্ব বাজেটভুক্তি কিংবা বিআরডিবি'র চাকরির জন্য বা অগ্রাধিকার প্রাপ্ত মর্মে গণ্য হবেন না।
- ৩) বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড এর স্মারক নং ৪৭.৬২.০০০০.৫০৬.০০.০৫.০৬.৬৮৬, তারিখঃ ১৬/০১/২০১৯খ্রি. মূলে জারিকৃত ইউসিসিএ কর্মচারীদের মডেল প্রবিধানমালা/ ২০১৮ এর সংশ্লিষ্ট নির্দেশনাসমূহ যথাযথভাবে অনুসরণপূর্বক নিয়োগ সম্পন্ন করতে হবে। নিয়োগপত্রে ও নিয়োগ বিজ্ঞপ্তিতে ইউসিসিএ লি. এর মনোগ্রাম ব্যবহার করতে হবে; বিআরডিবি'র মনোগ্রাম ব্যবহার করা যাবে না। নিয়োগপ্রাপ্ত জনবলের তালিকা (নিয়োগপত্র সহ) সদর দপ্তরে প্রেরণ করতে হবে।
- ৪) নিয়োগ সংক্রান্ত বিজ্ঞপ্তি স্থানীয় দৈনিকে প্রকাশসহ ব্যাপক প্রচার করতে হবে এবং বিজ্ঞপ্তির ছায়ালিপি সদর কার্যালয়ে প্রেরণ করতে হবে।
- ৫) এ অনুমোদন ০৬ (ছয়) মাস পর্যন্ত কার্যকর থাকবে।

২৩-৭-২০২০

নিতাই চন্দ্র সেন

পরিচালক (সরেজমিন)

ফোন: +৮৮০২৮১৮০০০৬

ফ্যাক্স: +৮৮০২৮১৮০০০৩

ইমেইল: drfs@brdb.gov.bd

উপপরিচালক, বিআরডিবি, মানিকগঞ্জ।

স্মারক নম্বর: ৪৭.৬২.০০০০.৫০৭.১১.৪১২.১৯.৩০/১(২)

তারিখ: ৮ শ্রাবণ ১৪২৭

২৩ জুলাই ২০২০

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) উপপরিচালক, প্রোগ্রামিং শাখা, বিআরডিবি, ঢাকা (পত্রটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ২) মহাপরিচালকের একান্ত সচিব, বিআরডিবি, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।



২৩-৭-২০২০

সুকুমার চন্দ্র দাস
যুগ্মপরিচালক (সিসিএম)